

Prime Minister's visit to Mayadevi Temple in Lumbini, Nepal

May 16, 2022

প্রধানমন্ত্রীর নেপালের লুম্বিনীতে মায়াদেবী মন্দির

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ১৬ই মে একদিনের সফরে নেপালের লুম্বিনীতে পৌঁছে প্রথমে মায়াদেবী মন্দির দর্শন করেন। নেপালের প্রধানমন্ত্রী শ্রী শের বাহাদুর দেওবা এবং তাঁর স্ত্রী ডঃ আরজু রানা দেওবা প্রধানমন্ত্রীর সফরসঙ্গী ছিলেন।

২. ভগবান বুদ্ধ ঠিক যেই স্থানে জন্মগ্রহণ করেছেন, সেই স্থানের চিহ্নিত ফলকে উভয় নেতা শ্রদ্ধা নিবেদন করেন। তাঁরা বৌদ্ধ রীতি অনুযায়ী, পূজাপাঠে অংশ নেন।

৩. উভয় প্রধানমন্ত্রী মন্দির সংলগ্ন অশোকস্তম্ভে প্রদীপ প্রজ্জ্বলন করেন। সম্রাট অশোক খ্রীঃপূঃ ২৪৯-এ ভগবান বুদ্ধের জন্মস্থান লুম্বিনীতে প্রথম সূত্রলিপি অনুসারে ঐ স্তম্ভটি নির্মাণ করেন।

এরপর, দুই প্রধানমন্ত্রী বোধিবৃক্ষের চারাগাছে জল দেন। ২০১৪ সালে শ্রী মোদী এই চারাগাছটি উপহার হি সাবে বুদ্ধগয়া থেকে লুম্বিনীতে পাঠান। এরপর, তাঁরা মন্দিরের দর্শনার্থীদের খাতায় স্বাক্ষর করেন।

লুম্বিনী

মে 16, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.